# করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদ ভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেজিওর(SOP)

## দ্বিতীয় সংস্করণ

২৩.০৩.২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদ ভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেজিওর(SOP)

**প্রথম সংস্করণ**

**১৫.০৩.২০২০**

DGHS.MOH&FW BANGLADESH

IEDCR

# গবেষণা বিভাগ
## ইসলামিক ফাউন্ডেশন

প্লট ঃই-৪/এ, ব্লক ঃ সিভিক সেক্টর,
সেকশন ঃ আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭


স্মারক নং ঃ ১৬.০১.০০০০.০০০.০১.০০১.১৯.৭ তারিখ: ২৩/০৩/২০২০ খ্রি.

বিষয় ঃ **করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/সৎকার/ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড আপারেটিং প্রসেজিওর-এর সংশোধনী প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : Email-Abu Ahammad Abdullah (abu. abdullah.official@gmail.com) এর নিকট হতে প্রাপ্ত ২১.০৩.২০২০খ্রি. তারিখের ই-মেইল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/সৎকার/ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড আপারেটিং প্রসেজিওর-এর উপর ইসলামিক ফাউন্ডেশনের নিম্নবর্ণিত বিজ্ঞ মুফতী, মুহাদ্দিস, মুফাসসিরসহ আলেম-ওলামাগণের মতামত গ্রহণ করা হয়েছে।

১। মাওলানা নূর মোহাম্মদ আলম, পরিচালক, গবেষণা বিভাগ
২। মাওলানা আনিসুজ্জামান সিকদার, খতীব, চেয়ারম্যানবাড়ী টি এন্ড টি কলোনী মসজিদ, বনানী ও পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন
৩। ড. আব্দুল জলিল, সম্পাদক, প্রকাশনা বিভাগ
৪। ড. মুশতাক আহম্মেদ, শায়খুল হাদীস, তেজগাঁও রেলওয়ে জামিয়া ইসলামিয়া ও উপ-পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন
৫। মুফতি মোঃ আব্দুল্লাহ, মুফতি, ইসলামিক ফাউন্ডেশন
৬। ড. আবু ছালেহ পাটোয়ারী, মুফাস্সির, ইসলামিক ফাউন্ডেশন
৭। মাওলানা ওয়ালিউর রহমান খান, মুহাদ্দিস, ইসলামিক ফাউন্ডেশন
৮। মাওলানা জাকির হোসেন, ধর্মীয় প্রশিক্ষক, ইমাম প্রশিক্ষণ একাডেমী

উক্ত নির্দেশনায় পবিত্র ইসলাম ধর্মের আকিদা-বিশ্বাস, ফিকহি নিয়মকানুন সঠিকভাবে প্রতিফলিত হয়েছে মর্মে উপরে বর্ণিত সদস্যগণ একমত পোষণ করেন।

উল্লেখ্য যে, গত ২৪/০৩/২০২০ খ্রি. তারিখে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত এক জরুরী সভায় দেশের শীর্ষস্থানীয় আলেমগণ মৃত ব্যক্তির গোসল বিষয়ে এই মর্মে মতামত প্রদান করেছেন যে, **'ইসলামী শরীআতে অযু, গোসল সম্ভব না হলে বিকল্প হিসেবে তায়াম্মুমের বিধান আছে। তাই মৃত ব্যক্তিকে গোসল দেওয়া সম্ভব না হলে সুরক্ষা পদ্ধতি অবলম্বন করে তায়াম্মুম করানো যায়।'**

এমতাবস্থায়, সর্বসম্মত মতামতটি করোনা (COVID 19) স্ট্যান্ডার্ড আপারেটিং প্রসেজিওর-এ সংযোজন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২৫/০৩/২০২০ খ্রি.
(নূর মোহাম্মদ আলম)
পরিচালক
গবেষণা বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন

আবু আহম্মদ আব্দুল্লাহ, নিউট্রিশন কনসালটেন্ট,
ইউনাইটেড নেশসন চিল্ডেনস ফান্ড-বাংলাদেশ

## ১ ভূমিকা

এই নির্দেশিকাটি স্বাস্থ্যকর্মীসহ যে সকল ব্যক্তি করোনা (COVID 19) রোগে মৃত ব্যক্তির মৃতদেহ বা সন্দেহভাজন করোনা রোগীর মৃতদেহ দাফন/ সৎকার/ ব্যবস্থাপনায় জড়িত তাদের সকলের জন্য প্রযোজ্য। করোনা রোগে মৃতব্যক্তির মৃতদেহ সৎকার বা দাফন প্রক্রিয়া রোগীর পরিবার এবং জনসাধারনের জন্য খুবই সংবেদনশীল। এই কাজে যেকোন অব্যবস্থাপনা, মতপার্থক্য বা জটীলতার সৃষ্টি করতে পারে। যেকোন রকম ব্যবস্থাপনার পূর্বে অবশ্যই রোগীর পরিবারকে মৃতদেহ সৎকারের প্রক্রিয়াটি জানাতে হবে। মৃতব্যক্তির পরিবারকে জানাতে হবে যে মৃতদেহকে ধর্মীয়ভাবে সম্মান প্রদর্শনের অধিকার তাদের আছে। সৎকার বা দাফন প্রক্রিয়া শুরুর আগে নিশ্চিত হতে হবে যে মৃতব্যক্তির পরিবার সৎকারের প্রক্রিয়ার সাথে একমত আছেন ।

## ২ উদ্দেশ্য

এই নির্দেশিকার উদ্দেশ্য হলো করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ বা সন্দেহভাজন করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার একটি নির্দেশনা প্রণয়ন করা এবং ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করা।

## ৩ সাধারণ প্রক্রিয়া

### ৩.১ ধর্মীয় আচারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া

৩.১.১ প্রথমে দলনেতা পরিবারের নিকট জানাবে যে মৃতদেহের দাফন/ সৎকার যথাসম্ভব ধর্মীয় অনুশাসন মেনে এবং সম্মান প্রদর্শনপূর্বক করা হবে

৩.১.২ পরিবারের নিকট জানতে চাইতে হবে যে, মৃতদেহের সৎকার বা দাফনে তাদের কোন নির্দিষ্ট অনুরোধ আছে কী না যেমন মৃতদেহকে তায়াম্মুম বা পানি ছাড়া ওযু করাতে চায় কি না। এ ধরনের রোগীকে চিকিৎসা শাস্ত্র অনুযায়ী, অতি সংক্রমণশীল করোনা (COVID-19) রোগে আক্রান্ত রোগীর মৃতদেহ বিশেষ পদ্ধতিতে গোসল করানো শ্রেয়।

৩.১.৩ মুসলমান ব্যক্তির মৃতদেহকে ব্যাগে কাপড়বিহীনভাবে দাফন করা যাবে না।

৩.১.৪ মুসলমান ব্যক্তির মৃতদেহকে তায়াম্মুম বা পানি ছাড়া ওযু করানোর জন্য সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করার যে দল সেখান থেকে মুসলমান একজন সুরক্ষা সামগ্রী পরিধান করে এই কাজটি করতে পারে অথবা পরিবারের কেউ্ একজন এই কাজটি করতে পারে। এই প্রক্রিয়াটি সাধারণ পানিসহ ওযুর একটি রুপক সরূপ।

৩.১.৫ দাফনের জন্য সেলাইবিহীন সাদা সুতির কাপড় কাফনের কাপড় হিসেবে ব্যবহার করতে হবে।( সর্ম্পূণ কাফনের প্রক্রিয়া জানার জন্য ৩.৫ দেখুন)। সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করার দল কাফনের কাপড় সরবরাহ করতে পারে বা পরিবারের সদস্যরা নিজেরাও দিতে পারে।

৩.১.৬ সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করার দলে মহিলা সদস্য থাকলে তিনি মহিলা মৃতদেহের সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করবে।

৩.১.৭ প্রয়োজনে আগে থেকে ইমামসাহেবের অনুমতি সাপেক্ষে মৃতদেহবহনকারী ব্যাগটিকে কাফন হিসেবে প্রতিরূপ করা যাবে।মুসলমানদের জন্য সাদা মৃতদেহ বহনকারী ব্যাগ ব্যবহার করতে হবে।

### ৩.২ মৃতদেহ এর দাফন/সৎকার কার্য পরিচালনার সাধারণ নীতিমালা

৩.২.১ মৃতদেহ সড়ানো বা সৎকার/দাফন কাজ শুরুর আগে যথাযথ কর্তৃপক্ষকে জানানো এবং আলোচনা করে নিতে হবে।

৩.২.২ শুধুমাত্র COVID 19 রোগী ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি সুরক্ষা পোশাক পরিধানপূর্বক মৃতদেহ র্স্পশ বা সড়ানো বা সৎকার/দাফন কাজ করবে।

৩.২.৩ মৃতদেহ র্স্পশ নূন্যতম রাখতে হবে

৩.২.৪ COVID 19 রোগীর মৃতদেহ ময়নাতদন্ত করা যাবে না

৩.২.৫ সন্দেহভাজন করোনা রোগীর মৃতদেহ দাফনের পূর্বে ল্যাবটরির প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদ্বারা সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধানপূর্বক ও জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া মেনে মুখের লালার (oral swab) নমুনা সংগ্রহ করতে হবে।

### ৩.৩ সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করার দলঃ

সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা দলটি গঠনঃ

৩.৩.১ চার সদস্য বিশিষ্ট একটি দল সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধানপূর্বক [১ জোড়া ডিজপোজেবল হাতের গ্লাভস, ১ জোড়া হেভি ডিউটি গ্লাভস, ডিজপোজেবল কাভার অল সুট, অভেদ্য প্লাস্টিক অ্যাপ্রোন, ফেস প্রোটেকশন (গগলস এবং মাস্ক), রাবারের তৈরী জুতা যা পানি ও ছিদ্র প্রতিরোধী এবং ওভারসুজ] মৃতদেহকে সৎকার/ দাফনের জন্য প্রস্তুত এবং বহন করবে।

৩.৩.২ সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধানপূর্বক ১জন সদস্য জীবাণুনাশক কার্যক্রমে যুক্ত থাকবে

৩.৩.৩ সংক্রমণ নিয়ন্ত্রণ প্রক্রিয়াটি একজন কারিগরী পরিদর্শক তত্ত্বাবধায়ন করবে। তার সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধান করার প্রয়োজন নেই।

৩.৩.৪ একজন সদস্য যোগাযোগকারী হিসেবে মৃতব্যক্তির পরিবারের সাথে যোগাযোগ করবে। পৃথক যোগাযোগকারীর অভাব থাকলে কারিগরী পরিদর্শক পরিবারের সাথে যোগাযোগ করার দ্বায়িত্ব পালন করবে।

৩.৩.৫ একজন ধর্মীয় প্রতিনিধি থাকবেন যার সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধানের প্রয়োজন নেই। দলে নির্দিষ্ট ধর্মীয় প্রতিনিধি না থাকলে স্থানীয় পর্যায়ে একজনকে এই কাজের জন্য নির্বাচিত করতে হবে।

৩.৩.৬ সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনা করার দলের সকল সদস্যকে (কারিগরী পরিদর্শকসহ) তাদের নিজ দ্বায়িত্ব ও কর্তব্য সর্ম্পকে পরিষ্কার ধারণা থাকতে হবে।

৩.৩.৭ মহিলা রোগীর মৃতদেহের দাফন/সৎকারের ক্ষেত্রে দলে একজন মহিলা অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

## ৩.৪ জীবাণুনাশক

৩.৪.১ সৎকার/দাফন কাজ ব্যবস্থাপনার দিনেই জীবাণুনাশক তৈরী করতে হবে।

৩.৪.২ হাতের পরিচ্ছন্নতার জন্য সাবান পানি বা ৭০% অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।

৩.৪.৩ জড় বস্তু ও সমতল স্থান পরিষ্কারের জন্য ০.৫% হাইপোক্লোরাইট সলিউসন ব্যবহার করতে হবে।

## ৩.৫ মৃতদেহের ব্যবস্থা প্রক্রিয়া

৩.৫.১ মৃতদেহের সাথে সংযুক্ত সকল টিউব(intravenous lines, endotracheal tubes), ক্যাথেটার ইত্যাদি যদি থাকে সেগুলো সরিয়ে ফেলতে হবে।

৩.৫.২ সংক্রমন নিয়ন্ত্রণের সকল প্রক্রিয়া পালন করে সংযুক্ত দ্রব্যাদির নিস্পত্তি করতে হবে।

৩.৫.৩ অনিয়ন্ত্রিতভাবে মৃতদেহ পরিষ্কার বা ধোয়া যাবে না।

৩.৫.৪ মৃতদেহের সৎকারের জন্য মৃতদেহের সকল ছিদ্রপথ(যেমনঃ নাক, কান, পায়ুপথ ইত্যাদি) তুলা দিয়ে ভাল করে বন্ধ করে দিতে হবে যেন কোনো তরল গড়িয়ে বের হতে না পারে। মৃত্যুর স্থানেই মৃতদেহটিকে প্লাস্টিকের কভার দিয়ে মুড়িয়ে রাখতে হবে। মুসলমানদের জন্য সাদা মৃতদেহবহনকারী ব্যাগ ব্যবহার করতে হবে।

৩.৫.৫ মৃতদেহটিকে প্লাস্টিকের কভার দিয়ে এমনভাবে মুড়িয়ে রাখতে হবে যেন তা কভারের বাইরের সংর্স্পসে না আসে।

৩.৫.৬ যদি রোগী কোভিড ১৯ ওয়ার্ডে/হাসপাতালে মারা যায়, তাকে প্লাস্টিকের কভার দিয়ে মুড়িয়ে ফেলার সাথেসাথে রোগী যেই বিছানায় ছিল সেটিও সেখান থেকে নির্দিস্ট স্থানে সরিয়ে ফেলতে হবে পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য।

৩.৫.৭ যদি সুরক্ষা পোশাক এবং গ্লাভস রোগীর বডি ফ্লুইড দ্বারা সংক্রমিত হয় তা পরিবর্তন করে ফেলতে হবে।

৩.৫.৮ কাফনের কাপড়ের জন্য অনুরোধ থাকলে একটি সেলাইবিহীন সাদা সুতির কাপড় কাফনের কাপড় হিসেবে ব্যবহার করতে হবে। একটি সেয়েলাইবিহীন সাদা সুতির কাপড়টি একটি খোলা প্লাস্টিকের বডি ব্যাগের উপরে রাখতে হবে। প্লাস্টিকটি ১৫০ মাইক্রোমিটার এর কম হওয়া যাবে না। সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধানপূর্বক মৃতদেহটি উচুঁ করে কাফনের কাপড়ের উপরে রাখতে হবে। একই কাপড় থেকে তিনটি ছোট অংশ কেটে কাফনটি বেধে দিতে হবে- প্রথমটি মাথার উপরে, ১টি পায়ের নিচে এবং আরেকটি শরীরের মাঝামাঝি অংশে বেধে দিতে হবে।

৩.৫.৯. কাফনের পরে, যত দ্রুত সম্ভব মৃতদেহটি জিপার/ চেইন যুক্ত ব্যাগ-এ ভরে বন্ধ করতে হবে।

৩.৫.১০. অত্যাধিক সংক্রামক পদার্থের ইঙ্গিতসহ সিল এবং লেবেল করতে হবে।

৩.৫.১১. মৃতদেহ মোড়ানো শেষ করে এবং সমাধিস্থলে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ধর্মীয় রীতিঅনুসারে জানাযা / অন্তষ্টিক্রিয়া সম্পন্ন করুন ।

৩.৫.১২. যত দ্রুতসম্ভব মৃতদেহের ব্যাগটি পূর্ব নির্ধারিত সমাধিস্থলে সরিয়ে ফেলুন।

## ৩.৬. পৃষ্ঠতল জীবাণুমুক্তকরণ

৩.৬.১. মৃতদেহ সমাধিস্থলে স্থানান্তরিত করার পূর্বে মৃতদেহ পরিবহনকারী ব্যাগের বাহিরের পৃষ্ঠতলগুলো/ অংশ জীবাণুমুক্ত করতে ব্যাগের বাহিরের দৃশ্যমান মাটি সোডিয়াম হাইপোক্লোরাইট (ব্লিচ) বা সমজাতীয় জীবানুনাশক দ্বারা পরিষ্কার করুন যা প্রায় সব ধরণের ভাইরাসকে (Wide Range of Viruses) ধ্বংস বা বিনাশ করতে পারে।

৩.৬.২. যে কোনও দৃশ্যমান মাটি সরিয়ে ফেলুন, পুরো ব্যাগের বাহিরের পৃষ্ঠে জীবাণুনাশকটি আবার প্রয়োগ করুন এবং বাতাসে শুকিয়ে নিন ।

৩.৬.৩. মৃতদেহ অপসারণের পরে, অবিলম্বে রোগীর ঘরটি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।

৩.৬.৪ আদর্শ পদ্ধতি (Standard Procedure) অনুসারে পুনরায় ব্যবহারযোগ্য সরঞ্জামগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করে নিন ।

## ৩.৭. মৃতদেহ পরিবহন

৩.৭.১. অবিলম্বে মৃতদেহটি মনোনীত পরিবহনের মাধ্যমে কবরস্থানে(আলাদাভাবে মনোনীত কবরস্থানে বা পরিবারিকভাবে নির্ধারিত স্থান যাতে স্থানীয় কর্তৃপক্ষ এবং প্রতিবেশীদের সম্মতি রয়েছে) স্থানান্তরিত করুন।

৩.৭.২. যেকোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা এড়াতে এবং সুরক্ষা নিশ্চিত করতে স্থানীয় নিরাপত্তা কর্মীদের আগে থেকেই অবহিত করুন।

৩.৭.৩. যাত্রাকালীন সুরক্ষা নিশ্চিত করতে মৃতদেহটি নিযুক্ত দাফন পরিচালনাকারী দল (Burial Management Team বা বিএমটি)-এর কাছে অর্পণ করুন।

৩.৭.৪. সার্বিক সুরক্ষা নিশ্চিতকরণ এবং রোগ সংক্রমণের সম্ভাবনা সীমিত করবার জন্য সংক্ষিপ্ততম রুটে যাওয়ার পরিকল্পনা গ্রহণ করুন।

৩.৭.৫. COVID-19 ভাইরাসযুক্ত মৃতদেহের পরিবহণ যথাসম্ভব সীমিত করবার চেষ্টা করুন ।

৩.৭.৬. স্থানীয় পরিবহণ সহ সকল পরিবহণের আগে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করুন যেমন দাফন বা সমাধিসক্রান্ত কার্যক্রমের নিরাপত্তাসহ পূর্বপ্রস্তুতি সম্পন্নকরন।

৩.৭.৭. চালক এবং পরিবহণকারী কামরার মধ্যে প্রতিরক্ষামূলক কাচ / প্লাস্টিকের আবরন ব্যবহার করুন, যেন চালক এবং পরিবহণকারী বগি দুটি পৃথক থাকে।

৩.৭.৮. মৃতদেহ পরিবহণকারী গাড়ির চালক বা যাত্রীদের পিপিই (PPE) প্রয়োজন হবে না কারণ- উক্ত চালক বা যাত্রীগণ COVID-১৯ এর সন্দেহভাজন, সম্ভাব্য বা নিশ্চিত কেসটির মৃতদেহের দাফন পরিচালনা করবে না এবং মৃতদেহ ইতিমধ্যে পূর্বে বর্ণিত উপায়ে জীবাণুমুক্ত ব্যাগে সুরক্ষিত হয়েছে।

## ৩.৮. দেহ পরিবহনের পরে যানবাহন জীবানুমুক্তকরন

৩.৮.১. গাড়ি জীবাণুমুক্তকারি ব্যাক্তির অবশ্যই প্রতিরক্ষামূলক পোশাক পরা উচিত।

৩.৮.২. যে গাড়িতে দেহটি পরিবহন হয়েছিল তার অভ্যন্তরটি ১:১০ ব্লিচ সলিউশন দিয়ে ধুয়ে ফেলুন, এবং ১০ মিনিটের জন্য ভিজিয়ে রাখুন।

৩.৮.৩. পরিষ্কার পানি দিয়ে ভালভাবে ধুয়ে ফেলুন এবং গাড়িটি বাতাসে শুকিয়ে নিন । গাড়ীতে প্রয়োগকৃত ব্লিচ ভালভাবে ধুয়ে ফেলতে ভুলবেন না কারণ ব্লিচ গাড়ির ক্ষতি করতে পারে ।

### ৩.৯. দাফনকালীন প্রক্রিয়া

৩.৯.১. দাফনের প্রক্রিয়া যত তাড়াতাড়ি সম্ভব সম্পন্ন করা উচিত।

৩.৯.২. মৃতদেহ বহনকারী ব্যাগটি কখনো খুলবেন না।

৩.৯.৩. মৃতদেহ বহনকারী ব্যাগ থেকে অবশিষ্টাংশ অপসারণ করবেন না। ব্যাগবন্দি মৃতদেহগুলি সরাসরি অভেদ্য এবং বদ্ধ প্রকোষ্ঠে (hermetically sealed casket)-বা কবর এ রাখুন।

৩.৯.৪. মনোনীত সমাধিস্থলে উপযুক্ত প্রসারের (যেমন ২ মিটার বা প্রায় ৭ ফুট) এবং ১-১.৫ মিটার গভীরতার বা ৫ ফুটের অধিক একটি কবর তৈরি করুন ।

৩.৯.৫. মৃতদেহ আগমনের পূর্বেই কবরটির খনন কাজ নিশ্চিত করুন।

৩.৯.৬. অবিলম্বে মৃতদেহকে সমাধিস্থ বা দাফন করুন (স্বতন্ত্র সাংস্কৃতিক ও ধর্মীয় আচার অনুযায়ী)।

৩.৯.৭. দাফনের পরে কবর/ স্থানটি ১০ থেকে ১৫ সেঃমিঃ গভীর মাটির স্তর দিয়ে ঢেকে দিন । আবদ্ধ অবস্থানে মৃতদেহ দাহ করা উত্তম। (সনাতন ধর্মাবলম্বীদের জন্য)

৩.৯.৮. দাফনকৃত স্থানের আশপাশ উপযুক্ত জীবাণুনাশক (১০,০০০ পিপিএম সোডিয়াম হাইপোক্লোরাইট দ্রবণ) যেমন ১:৪ অনুপাতে মিশ্রিত ব্লিচ (১ ভাগ ৫.২৫% ব্লিচ এর সাথে চার ভাগ পানির মিশ্রন) দিয়ে পরিষ্কার করে নিন এবং বাতাসে শুকিয়ে নিন ।

৩.৯.৯. মৃতদেহ বহনকারী ব্যাগ থেকে তরল পদার্থ নিঃসৃত হলে, উপযুক্ত জীবাণুনাশক দ্বারা (লেবেলের নির্দেশাবলী অনুসারে) এলাকাটি সম্পূর্ণরূপে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন যাতে প্রায় সব ধরনের ভাইরাস ধ্বংস বা বিনাশ নিশ্চিত হয়।

৩.৯.১০. স্ট্যান্ডার্ড বা আদর্শ পদ্ধতি অনুসারে পুনরায় ব্যবহারযোগ্য সরঞ্জামগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করণ ।

৩.৯.১১. মৃতদেহ দাফনের পর ভালোভাবে ঘিরে রাখতে হবে যাতে কোনো বন্য প্রাণী মৃতদেহ ভক্ষন করতে না পারে।

৩.৯.১২. অন্যান্য ইস্যু:

* দাফন/সৎকার প্রক্রিয়া যার যার ধর্মের নির্দেশনা অনুযায়ী পালন করা উচিৎ।

* ভষ্মকৃত দেহাবশেষ বা ছাই হতে করোনা ভাইরাস ছড়ায় না।